

নিয়োগ বিজ্ঞপ্তি

২৬/১১/২০২৪ ইং

রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) একটি জাতীয় পর্যায়ে বেসরকারী উন্নয়নমূলক সংস্থা। শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, গাজীপুর জেলাসহ প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র মানুষের সার্বিক উন্নয়নে কাজ করে আসছে। এমআরএ সনদ নং-০০১৯৩-০০০২৮-০০৩৭৪, এনজিও ব্যুরোর সনদপ্রাপ্ত এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় পরিচালিত শেরপুর ও জামালপুর জেলার জামালপুর সদর উপজেলার নরুন্দী ইউনিয়নে এবং নালিতাবাড়ী উপজেলার নালিতাবাড়ী ইউনিয়নে “সমৃদ্ধি কর্মসূচির” আওতায় নিয়োগ ও প্যানেল তৈরী করার লক্ষ্যে আগ্রহী, কর্মঠ, বুদ্ধিদীপ্ত ও অধুমপায়ী বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নোক্ত পদের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম ও পদ সংখ্যা	বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১. সমৃদ্ধি স্বাস্থ্য কর্মকর্তা/ (ENRICH Health Officer) শ্রেণি- (VIII), পদ সংখ্যা- ২টি। (নালিতাবাড়ী ইউনিয়নে ১ জন এবং নরুন্দী ইউনিয়নে ১ জন)	মাসিক সাকুল্যে বেতন ১৮,০০০/- (আঠারো হাজার) টাকা। এছাড়া মাসিক বেতনের ৫০% হারে বার্ষিক ০২ (দুই)টি উৎসব ভাতা ও ১০% নববর্ষ ভাতা এবং বাজেট বরাদ্দ অনুযায়ী মাসিক মোবাইল ও যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।	‘ম্যাটস’ থেকে ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমাদারী। ‘বিএমডিসি’-এর নিবন্ধন সনদ এবং বেসরকারী উন্নয়ন সংস্থায় স্বাস্থ্যসেবা কার্যক্রমে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। কম্পিউটারে MS word, excel & Internet Browsing) এ কাজ জানতে হবে।
২. সমৃদ্ধি স্বাস্থ্য পরিদর্শক/ (ENRICH Health Visitor) পদ সংখ্যা- ১৮টি (বিবাহিত মহিলা)। বয়স- ২২-৩৫ বৎসর (নালিতাবাড়ী ইউনিয়নে ৯ জন এবং নরুন্দী ইউনিয়নে ৯ জন) (প্রতি ওয়ার্ডে ১ জন)	মাসিক সম্মানী ভাতা ২,০০০/- (দুই হাজার) টাকা। পাশাপাশি মাসিক সম্মানীর ৫০% হারে বার্ষিক ০২ (দুই)টি উৎসব ভাতা, ১০% নববর্ষ ভাতা এবং মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণের জন্য ১০০/- (একশত) টাকা যাতায়াত ভাতা প্রাপ্য হবেন। এছাড়া, লক্ষ্যমাত্রা অনুযায়ী ‘স্বাস্থ্য কার্ড’ বিক্রয় হতে মাসিক সর্বোচ্চ ১,৬০০/- (এক হাজার ছয়শত) টাকা অতিরিক্ত প্রাপ্য হবেন।	ন্যূনতম এসএসসি পাস, বিবাহিত নারী প্রার্থী এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। স্বাস্থ্যসেবা ও পুষ্টি কার্যক্রমে অভিজ্ঞতাসম্পন্ন এবং প্রশিক্ষণপ্রাপ্ত ধাত্রীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৩. শিক্ষক (সমৃদ্ধি শিক্ষা সহায়তা কেন্দ্র) পদ সংখ্যা ৪ ৩৬টি (বিবাহিত মহিলা)। বয়স- ২০-৩০ বৎসর (নালিতাবাড়ী ইউনিয়নে ১৮ জন এবং নরুন্দী ইউনিয়নে ১৮ জন) (প্রতি ওয়ার্ডে ২ জন)	মাসিক সম্মানী ভাতা ১,০০০/- (এক হাজার) টাকা। পাশাপাশি মাসিক সম্মানীর ৫০% হারে বার্ষিক ০২ (দুই)টি উৎসব ভাতা, ১০% নববর্ষ ভাতা এবং মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণের জন্য আপ্যায়ন বাবদ জনপ্রতি ১০০/- (একশত) টাকা প্রাপ্য হবেন। এছাড়া, ‘ছাত্র ভর্তি’ হতে প্রতি ছাত্র-৫০/- টাকা হিসাবে ৩০ জন ছাত্রের আদায়কৃত মাসিক বেতন হতে সর্বোচ্চ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা অতিরিক্ত প্রাপ্য হবেন।	শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে এইচএসসি পাস ও কলেজ/বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিবাহিত নারী এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। কিন্তু দুর্গম/প্রত্যন্ত এলাকায় উপযুক্ত শিক্ষক পাওয়া না গেলে উক্ত এলাকায় আগ্রহী অভিজ্ঞ ব্যক্তিদেরকে পিকেএসএফ-হতে পূর্বানুমোদন সাপেক্ষে শিক্ষক হিসেবে নিয়োগ প্রদান করা যেতে পারে। সমাজসেবায় ও সামাজিক উন্নয়নমূলক কাজে বিশেষ করে শিক্ষা নিয়ে কাজ করতে আগ্রহী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীদের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদন, শিক্ষাগত যোগ্যতা ও ন্যাশনাল আইডি কার্ড, অভিজ্ঞতার সনদ, ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, মোবাইল নাম্বার এবং আগামী ১৫/১২/২০২৪ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর নিম্ন ঠিকানায় দরখাস্ত আহবান করা যাচ্ছে। পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকার রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) শিরোনামে হিস্ট্রনং-৬২০১১০০০২০৬৯৬, সোনালী ব্যাংক, শেরপুর শাখার বরাবর জমা দিয়ে জমার স্লিপ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- যোগদানের সময় সংস্থার অনুকূলে ১ (এক) মাসের সমপরিমাণ বেতন জামানত (ফেরতযোগ্য) হিসাবে জমা দিতে হবে, যার বিপরীতে নির্ধারিত হারে সুদসহ প্রদান করা হবে।
- অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বের চাকুরীস্থলের ছাড়পত্র এবং স্মারক ও তারিখ সহ অভিজ্ঞতার মূল সনদ প্রদর্শন করতে হবে।
- ১নং প্রার্থীদের মোটর সাইকেল চালানো জানতে হবে এবং তাদের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। নিজস্ব মোটর সাইকেল থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
- সরাসরি যোগাযোগের জন্য আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর মোবাইল/টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই যে কোন দরখাস্ত বাতিলের অধিকার সংরক্ষণ করেন।
- যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

সংস্থা সম্পর্কে বিস্তারিত জানার জন্য সংস্থার ওয়েবসাইট www.rds-bd.org ভিজিট করুন। নিম্নোক্ত ঠিকানা হতে সরাসরি তথ্য সংগ্রহ করা যাবে।
দরখাস্ত পাঠানোর ঠিকানা- প্রধান নির্বাহী কর্মকর্তা, রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস), ৪৯ গুর্দানারায়নপুর, শেরপুর টাউন, শেরপুর-২১০০।